# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

**Final Term Test -2018**

**Class: 4 A &C**

**F.M.:75**

**Subject: Bengali Grammar**

**Duration: 2 hrs.** **Date: 13th November 2018**

(Marks will be deducted for untidy work, spelling mistakes & work not done in systematic manner.)

'ক' বিভাগ – ২০

১। একটি বাক্যে উত্তর লেখ :- ৫

ক) ভাষাকে সঠিকভাবে জানার জন্য কি শেখার প্রয়োজন ?

খ) বাঙালীর মাতৃভাষার নাম কী ?

গ) বাক্যে একটি সাধু ভাষার উদাহরণ লেখ।

ঘ) বক্তা নিজের সম্পর্কে যে সর্বনাম ব্যবহার করে তা কী পুরুষ ?

ঙ) এক বচনে লেখ : পাখিরা বাসায় ফিরছে।

২। সন্ধি কর :- ৫

তথা + অপি , যথা + ইচ্ছা , পর + উপকার , প্রতি + আশা , ভো + অন

৩। বহুবচনের রূপ লেখ :- গুরু , মেঘ , কথা , যার , আমার ৫

৪। লিঙ্গ পরিবর্তন কর :- শিব , সাহেব , হংস . নর , খানসামা ৫

'খ' বিভাগ – ২৫

৫। 'দেখা' এই পদটি দিয়ে ক্রিয়ার কালের তিনটি রূপ বাক্যে লেখ :- ৩

৬। দাগ দেওয়া পদগুলি কী বচন লেখ :- (বাক্যে লিখবে) ৩

ক) তোদের সঙ্গে খেলা করব না। (খ) কী কী খাবে ? (গ) আকাশে চাঁদ উঠেছে।

৭। বাক্যগুলি থেকে সর্বনাম পদের তলায় দাগ দাও :- ৩

ক) কারা গল্পটা শুনেছ ? খ) সকলে মিলে খেলা করি। গ) তাদের বাড়ীতে পুকুর আছে।

৮। দাগ দেওয়া পদটির পরিবর্তে অন্য একটি সমার্থক শব্দ বসিয়ে বাক্যটি আবার লেখ :- ৩

ক) আমার ভাই খুবই ছোট । (খ) পৃথিবী শস্যশ্যামলা হোক। (গ) সাপ অতি ভয়ংকর প্রাণী।

৯। দাগ দেওয়া পদটি কোন পুরুষ লেখ :- (বাক্যটি লেখ) ৩

ক) আমাদের আজ পরীক্ষা। (খ) তোমার লেখা চমৎকার। (গ) বিনোদ ভালো সাঁতার কাটে।

১০। লিঙ্গ পরিবর্তন করে বাক্যটি লেখ :- ৩

ক) বাড়ীর কর্তা ঘুমাচ্ছেন। (খ) গাড়িটিতে পুলিশ ছিল। (গ) এই বিদ্যালয়ে শুধুমাত্র ছাত্রই পড়ে।

১১। উভয়লিঙ্গ, স্ত্রীলিঙ্গ ও ক্লীবলিঙ্গ আলাদা ছকে লেখ :- ৩

পশু , বই , জননী , মন্ত্রী , পাঠিকা , চেয়ার

১২। দুটি করে সমার্থক শব্দ লেখ। পূজা , পর্বত ১+১=২

১৩। নির্দেশ অনুযায়ী শূন্যস্থানে ক্রিয়ার কাল বসাও :- ১+১=২

ক) আমি এখন ______ । (লেখা, বর্তমান কাল)

খ) তুমি খেলাটি ______ । (দেখা, অতীত কাল)

## 'গ' বিভাগ - ৩০

১৪। বন্ধনীতে দেওয়া পদটির উপযুক্ত পদ বসিয়ে শূন্যস্থান পূরণ কর। (৫

ক) আমার কাকা ..............................থাকেন। (বিশেষ্য পদ)।

খ) মেয়েটি .............................. নাচ করে। (বিশেষণ পদ)

গ) ..............................কেমন আছো? (সর্বনাম পদ)

ঘ) বাবা খবরের কাগজ ..............................। (ক্রিয়াপদ)

ঙ) ..............................! কী সুন্দর ফুল। (অব্যয় পদ)।

১৪। ক) কোন্ শ্রেনির পদের লিঙ্গ পরিবর্তন হয় না? (১+৪=৫)
খ) ক্লীবলিঙ্গ, উভয়লিঙ্গ, নিত্য পুংলিঙ্গ ও নিত্য স্ত্রী লিঙ্গের দুটি করে উদাহরণ ছকের সাহায্যে লেখ।

১৫। ক) চলিত ভাষা কোথাকার কথ্যভাষাকে মান্য হিসেবে ধরে নিয়ে তৈরী হয়েছে? এই ভাষার একটি উদাহরণ লেখ।
খ) দুটি একবচনের ও দুটি বহুবচনের চিহ্ন লেখ। (২+১+২=৫)

১৭। তোমার দিদির বিয়ে উপলক্ষ্যে স্কুল কামাই হওয়ায় ছুটি মঞ্জুরের জন্যে প্রধান শিক্ষকের কাছে আবেদন করে একটি পত্র লেখ। (৫)

১৮। নীচে দেওয়া সংকেতগুলি দেখে গল্প লেখ। গল্পের নাম ও নীতিকথা অবশ্যই লিখবে। (৫)
গল্প সংকেত : আঙুর খেতের পাশ দিয়ে এক শেয়াল যাচ্ছিল - আঙুর দেখে তার লোভ হল - বারবার লাফ দিয়েও সে আঙুর পেল না - 'আঙুর ফল টক' - বলে সে চলে গেল।

১৯। বোধ - পরীক্ষণ (৫)
গাছ হল পৃথিবীর প্রথম প্রাণ। গাছের জন্যই পৃথিবীর প্রতিটি প্রাণীর উদ্ভব হয়েছে। মাটিতে বীজ পড়ে অঙ্কুরিত হয়ে গাছ হয়। গাছ আমাদের ফল, ফুল ও খাদ্যের যোগান দেয়, শুকনো ডালপালা জ্বালানির কাজে লাগে। গাছের কাঠে তৈরি হয় আসবাবপত্র। গাছের নির্মল ছায়া মানুষকে সজীব করে, ক্লান্তি দূর করে, গাছ থেকে অধিকাংশ ওষুধও তৈরী হয়। যতবেশি বনজঙ্গল ফাঁকা হবে, আমাদের বাতাসে অক্সিজেন কমে যাবে সুতরাং গাছ [illegible]নয়। গাছের বীজ বপনই কর্তব্য। সেজন্য পৃথিবীর সকল দেশে চলছে বন গড়ে তোলার চেষ্টা।
উপরের অংশটি পড়ে উত্তর লেখ।

ক) কি ভাবে গাছ হয়?
খ) শূন্যস্থান পূরণ কর :-
গাছ হল পৃথিবীর প্রথম ......................।
গ) বিপরীত শব্দ লেখ : - সজীব
ঘ) সমার্থক শব্দ লেখ :- গাছ
ঙ) বাক্য রচনা কর : - কর্তব্য

# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

FOR GOD AND COUNTRY

**Final Term Test -2018**

**Class: 4 A &C**

**Subject: Bengali Grammar** **F.M.:75**

**Duration: 2 hrs.** **Date: 13th November 2018**

( Marks will be deducted for untidy work, spelling mistakes & work not done in systematic manner. )

## MODEL ANSWERS

### 'ক' বিভাগ ২০

১। একটি বাক্যে উত্তর লেখ :- ৫

ক) ভাষাকে সঠিকভাবে জানার জন্য ব্যাকরণ শেখার প্রয়োজন।

খ) বাঙালীর মাতৃভাষার নাম বাংলা।

গ) নিজে লেখ। ঘ) বক্তা নিজের সম্পর্কে যে সর্বনাম ব্যবহার করে তা হল উত্তম পুরুষ।

ঙ) পাখিটি বাসায় ফিরছে।

২। সন্ধি কর :- তথাপি , পরোপকার , ভবন , যথেচ্ছা , প্রত্যাশা ৫

৩। বহুবচনের রূপ লেখ :- গুরুকুল , যাদের , মেঘমালা , আমাদের , কতকথা ৫

৪। লিঙ্গ পরিবর্তন কর :- শিবানী , মেম , হংসী , নারী , আয়া ৫

### 'খ' বিভাগ ২৫

৫। আমি দেখছি – বর্তমান কাল , আমি দেখেছিলাম – অতীত কাল ৩

আমি দেখব - ভবিষ্যত কাল

৬। দাগ দেওয়া পদগুলি কী বচন লেখ :- (ক)বহুবচন (খ) বহুবচন (গ) একবচন ৩

৭। বাক্যগুলি থেকে সর্বনাম পদের তলায় দাগ দাও :- ৩

(ক) কারা (খ) সকলে (গ) তাদের

৮। দাগ দেওয়া পদটির পরিবর্তে অন্য একটি সমার্থক শব্দ বসিয়ে বাক্যটি আবার লেখ :- ৩

(ক )ভ্রাতা (খ) ধরনী (ঘ) নাগ

৯। দাগ দেওয়া পদটি কোন পুরুষ লেখ :- ৩

ক) উত্তম পুরুষ খ) মধ্যম পুরুষ গ) প্রথম পুরুষ

১০। লিঙ্গ পরিবর্তন করে বাক্যটি লেখ :- ৩

ক) গিন্নি , খ) মহিলা পুলিশ গ) ছাত্রীরাই

১১। উভয়লিঙ্গ , স্ত্রীলিঙ্গ ও ক্লীবলিঙ্গ আলাদা ছকে লেখ :- ৩

| উভয়লিঙ্গ | স্ত্রীলিঙ্গ | ক্লীবলিঙ্গ |
|---|---|---|
| মন্ত্রী | জননী | চেয়ার |
| পশু | পাঠিকা | বই |

১২। দুটি করে সমার্থক শব্দ লেখ :- নিজে লেখ । ২

১৩। নির্দেশ অনুসারে শূন্যস্থানে ক্রিয়ার কাল বসাও :- ২

ক) আমি এখন লিখছি - বর্তমান কাল খ) তুমি খেলাটি দেখেছিলে - অতীত কাল

‘গ’ বিভাগ ৩০।

১৪। বন্ধনীতে দেওয়া পদটির উপযুক্ত পদ বসিয়ে শূন্যস্থান পূরন কর :- ৫

ক) আমেরিকায় খ) ভালো গ) তুমি ঘ) পড়ছেন ঙ) বাঃ

১৫। ক) সর্বনাম , অব্যয় ও ক্রিয়াপদের কোন লিঙ্গ পরিবর্তন হয় না। ৫

খ) নিজেরা লিখবে।

১৬। ক) চলিত ভাষা – শান্তিপুর , নবদ্বীপ , বিশেষত কলকাতার কথ্য ভাষাকে মান্য হিসেবে ধরে নিয়ে তৈরী হয়েছে। এই ভাষার উদাহরণ নিজেরা লিখবে।

১৭। পত্র লিখন : ৫

বিষয় : স্কুল কামাই হওয়ায় ছুটি মঞ্জুরের জন্য আবেদন

মাননীয় প্রধান শিক্ষক মহাশয়

সেন্ট লরেন্স হাই স্কুল

২৭ , বালিগঞ্জ সর্কুলার রোড

কলকাতা - ১৯

মাননীয় মহাশয় ,

পত্র ছাত্রেরা নিজেরা লিখবে।

নিবেদন ইতি

আপনার একান্ত অনুগত

তারিখ – ১৩/১১/২০১৮ ________________________________

চতুর্থ শ্রেণি , ____ - বিভাগ , ক্রমিক নং - ____

১৮। গল্প লিখন : গল্পের নাম : লোভী শিয়াল। সংকেত অনুযায়ী গল্প ছাত্রেরা নিজেরা লিখবে। ৫

নীতিকথা : কোন কাজ না পারলে নিজের অক্ষমতা ঢাকতে অন্যের উপরে দোষ চাপানো ঠিক নয়।

১৯। বোধ পরীক্ষন :            ক) মাটিতে বীজ পড়ে অঙ্কুরিত হয়ে গাছ হয়।            ৫

খ) গাছ হল পৃথিবীর প্রথম প্রাণ   (গ) সজীব – নির্জীব / জড়   (ঘ) গাছ – বৃক্ষ / তরু / উদ্ভিদ

ঙ) বাক্য রচনা – নিজেরা লিখবে।

XXXXXXXXXXXXXXXXXXXX